



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

## Question download manual for Headmaster

প্রশ্ন ব্যাংকে Log In করার জন্য প্রধান শিক্ষকের করণীয়ঃ

1. Mozilla Firefox অথবা Google Chrome এর Update Version Browser ব্যবহার করুন।
2. Address Bar এ [www.qbankbb.gov.bd](http://www.qbankbb.gov.bd) লিখে Key Board এর Enter Button এ Press করুন।



3. নীচের চিত্রটি পাবেন। User Id হিসেবে বিদ্যালয়টির EIIN নম্বর লিখবেন এবং Password এর ঘরে আপনার গোপন পাস ওয়ার্ডটি লিখবেন।

Question Bank Portal  
Board of Intermediate and Secondary Education, Barisal

Login Form

Username


Password

Log in

Forgot Password?

©2019 Barisal Board. All rights reserved.

8. প্রধান শিক্ষক তার প্রতিষ্ঠানের জন্য নিচের ড্যাশ বোর্ডটি পাবেন।




5. প্রশ্নব্যাংকের সুপার এডমিন থেকে আপনার প্রতিষ্ঠানে প্রশ্ন দেয়া মাত্র আপনার মোবাইলে একটা মেসেজ পাবেন।


(যেমনঃ বার্ষিক পরীক্ষা-২০১৯। ষষ্ঠ শ্রেণি, বিষয়-গণিত। Please download question paper. Download timing:

৬.০০ am to ১২.০০ pm, ২৭-১১-২০১৯. Controler, BISEB)

6. মোবাইলে উপরোক্ত মেসেজটি পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে আপনাকে প্রশ্নটি অবশ্যই ডাউনলোড করতে হবে। সময় উত্তীর্ণের পর আপনি কোনভাবেই আর প্রশ্নটি ডাউনলোড করতে পারবেননা। কাজেই নির্ধারিত সময়ের মধ্যে আপনি মেন্যুবারের(বাম পাশের) তীর চিহ্নিত স্থানে (download Question paper) এ ক্লিক করুন। নীচের চিত্রটি পাবেন। এবার সর্ব ডানের তীর চিহ্নের স্থানে ক্লিক করুন।



৭. ডানের তীর চিহ্নের স্থানে ক্লিক **Download** অপশনে ক্লিক করার সাথে সাথে আপনি নীচের চিত্রটি পাবেন। একইসাথে প্রশ্ন ডাউনলোড করার জন্য আপনার মোবাইলেও একটা মেসেজ পাবেন। (যেমনঃ **Dear User, Your One Time Password for download: 4537**)



৮. উক্ত ফীকা ঘরে আপনার মোবাইলের এস এম এস থেকে প্রাপ্ত চার অঙ্কের OTP(One Time Password)টি লিখে **Submit** এ ক্লিক করুন। আপনার প্রশ্নটি ডাউনলোড হয়ে যাবে। আপনি এটা গোপন ফাইলে সেভ করে আপনার সুবিধামত প্রিন্ট নিতে পারবেন। মনে রাখবেন আপনি যতবার ডাউনলোড অপশনে ক্লিক করবেন ততবারই OTP পাবেন। পূর্বের OTP দিয়ে পরবর্তীতে কোনভাবেই ডাউনলোড করা যাবেনা।

#### অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলীঃ

১. তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য প্রশ্নব্যাংক হতে সরবরাহকৃত প্রশ্নে পরীক্ষা নেয়া বাধ্যতামূলক। এর ব্যত্যয় ঘটালে তার জন্য সংশ্লিষ্ট প্রধান শিক্ষকই দায়ী থাকবেন।
২. ডাউনলোডেরকাজে কোনভাবেই প্রধান শিক্ষক ব্যতীত অন্য কারো মোবাইল নম্বর ব্যবহার করা যাবেনা। অন্যকেও আপনার মোবাইলটি ব্যবহার করানো থেকে বিরত রাখুন।
৩. স্কুলের নিজস্ব কম্পিউটার ব্যতীত অন্য কোন কম্পিউটারে প্রশ্নপত্র ডাউনলোড করা যাবেনা। কম্পিউটারের দোকানে এ কাজের জন্য যাওয়া দন্ডনীয় অপরাধ।
৪. প্রশ্নপত্র কোন প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করা যাবেনা। কোন প্রতিষ্ঠান এটি করলে তার জন্য সংশ্লিষ্ট প্রধান শিক্ষকই দায়ী থাকবেন।
৫. প্রশ্নপত্র ডাউনলোড করার পর তা কেবল প্রধান শিক্ষকের তত্ত্বাবধানে থাকবে। একটি প্রশ্ন বারবার ডাউনলোড করা থেকে বিরত থাকুন।
৬. প্রশ্নপত্র ছাপানোর পর প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তা কোনভাবেই খোলা স্থানে রাখা যাবেনা। অবশ্যই গালাকৃত প্যাকেটে রাখতে হবে।
৭. ডাউনলোডের নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিস্রাট কিংবা অন্য যে কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিক প্রশ্নব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
৮. ডাউনলোড করা প্রশ্নপত্রে কোন প্রকার ত্রুটি বিচ্যুতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে প্রশ্নব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
৯. ডাউনলোডকৃত প্রশ্নের আদলে প্রশ্ন তৈরী করেমূল প্রশ্নের পরিবর্তন, পরিমার্জন কিংবা সংকলন করা দন্ডনীয় অপরাধ। বিষয়টি সকলকে অবহিত করুন।
১০. আপনার প্রতিষ্ঠানের শিক্ষকগণকে অনলাইনে প্রশ্ন কন্ট্রিবিউট করতে প্রয়োজনীয় সহযোগিতা করুন।
১১. মনে রাখবেন প্রশ্নব্যাংক কার্যক্রমের আপনি একজন গর্বিত অংশীদার। প্রশ্নব্যাংক কার্যক্রমের ক্ষতি সাধিত হয় এমন যে কোন বক্তব্য কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে স্টাটাস দেয়া থেকে বিরত থাকুন এবং অন্যান্যদেরকেও নিষেধ করুন।

জরুরী প্রয়োজনে যোগাযোগঃ ০১৭১২-৯৮৬৬২৪, ০১৭১৫-০৬৯৭৯১